

ই-ক্যাটালগ এবং বাংলাদেশ মান (বিডিএস) বিক্রি প্রসঙ্গে।


১। বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন (বিএসটিআই) দেশের একমাত্র জাতীয় মান সংস্থা হিসেবে পণ্য ও সেবা সংশ্লিষ্ট বাংলাদেশ মান (বিডিএস) প্রণয়ন করে থাকে। বিএসটিআই প্রণীত ঐ সকল বাংলাদেশ মান (বিডিএস) পূর্বে সম্মানিত ক্রেতা-সাধারণ সরেজমিন বিএসটিআইতে এসে প্রচলিত নিয়মে এনালগ পদ্ধতিতে নির্ধারিত মূল্য পরিশোধ সাপেক্ষে ক্রয় করতেন। এতে ক্রেতাকে বিএসটিআইতে আসা-যাওয়ার জন্য অতিরিক্ত সময় ও অর্থ ব্যয় করতে হতো যা ছিল ঝামেলাপূর্ণ ও সময়সাপেক্ষ ব্যাপার। জনস্বার্থে বিদ্যমান প্রথায় বিডিএস বিক্রির পরিবর্তে সম্পূর্ণ অনলাইনের মাধ্যমে স্বল্পতম সময়ের মধ্যে বিএসটিআই'র স্টেকহোল্ডারবৃন্দ যাতে তাঁদের কাজক্ষিত বিডিএস পেতে পারেন সে লক্ষ্যে সরকারের আইসিটি বিভাগের এটুআই প্রকল্পের সার্ভিস ইনোভেশন ফান্ডের অর্থায়নে ও কারিগরি সহায়তায় 'ই-ক্যাটালগ এন্ড বিডিএস সেল' শীর্ষক একটি প্রকল্পের মাধ্যমে অনলাইনে বাংলাদেশ জাতীয় মান বিক্রির প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। এতে যে কোন গ্রাহক বিএসটিআই'র ওয়েবসাইট থেকে তাঁদের কাজক্ষিত বিডিএস স্বয়ংক্রিয়ভাবে বাছাই করে তা অনলাইনের মাধ্যমে মূল্য পরিশোধপূর্বক সংগ্রহ করতে পারছেন।

২। এ প্রকল্পের আওতায় বিএসটিআই'র বাংলাদেশ মান (বিডিএস) ক্যাটালগকে ইতোমধ্যে সফটওয়্যারের মাধ্যমে Online Searchable Option এ রূপান্তর করে ওয়েবসাইট (www.bstibds.com) এ যুক্ত করা হয়েছে। এর ফলে বাংলাদেশ স্ট্যান্ডার্ডস (বিডিএস) বিক্রির বর্তমান প্রচলিত অফলাইন প্রথার পরিবর্তে সম্পূর্ণ ডিজিটাল পদ্ধতিতে অনলাইনের মাধ্যমে স্বল্পতম সময়ে বিএসটিআই'র স্টেকহোল্ডারগণ তাঁদের কাজক্ষিত বিডিএস নির্বিঘ্নে ক্রয় করতে পারছেন। এতে সেবা গ্রহণের ক্ষেত্রে সেবাগ্রহীতার সময়, ব্যয় এবং যাতায়াত সংখ্যা (Time, Cost & Visit- TCV) হ্রাস পাচ্ছে।

৩। এটুআই ও বিএসটিআই'র কর্মকর্তাবৃন্দের সহযোগিতায় Vender selection সহ 'ই-ক্যাটালগ ও বাংলাদেশ স্ট্যান্ডার্ডস (বিডিএস) সেল' শীর্ষক প্রকল্পের Baseline Survey, SMS Gateway (BSTIBDS), Domain Name Registration (www.bstibds.com), Payment Gateway, 'সফটওয়্যার' ও ২০০০টি বাংলাদেশ মান (বিডিএস) এর 'ডাটা এন্ট্রি' এর কাজসহ বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) এর Data Centre এর মাধ্যমে Hosting এর কাজ সম্পন্ন করা হয়েছে। এখন যে কেহ যে কোন স্থান থেকে সম্পূর্ণ অনলাইনের মাধ্যমে তাঁদের কাজক্ষিত বিডিএস পেতে পারেন। উল্লেখ্য, উক্ত প্রকল্পে মেসার্স ফেস অব আর্ট টেকনোলজিস 'সফটওয়্যার' ও 'ডাটা এন্ট্রি' এর কাজ সম্পন্ন করেছে। এখন আর বিএসটিআইতে এসে মান ক্রয়ের প্রয়োজন পড়ছে না।

৪। গত ১৮ এপ্রিল ২০১৯ তারিখে মাননীয় শিল্পমন্ত্রী বিএসটিআইতে এসে এক সভায় এই প্রকল্পের শুভ উদ্বোধন করেন। সভায় মাননীয় শিল্প প্রতিমন্ত্রী, শিল্প সচিব মহোদয়সহ বিএসটিআই কাউন্সিলের সম্মানিত সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

৫। বর্তমানে দেশের অভ্যন্তরে এবং বিদেশ হতে আগ্রহী স্টেকহোল্ডারগণ সহজেই ক্রেডিট কার্ড, ডেবিড কার্ডসহ দেশে প্রচলিত সকল মোবাইল ব্যাংকিং (বিকাশ, রকেট, ইউক্যাশ, শিওরক্যাশ ইত্যাদি) ব্যবস্থাপনার মাধ্যমে অত্যন্ত সহজ, নিরাপদ ও নির্ভরযোগ্য পদ্ধতিতে বাংলাদেশ মান (বিডিএস) বিএসটিআই'র ওয়েবসাইট (www.bsti.gov.bd) এ যুক্ত www.bstibds.com হতে অনলাইনে নির্ধারিত মূল্যে ক্রয় করতে পারছেন। অনলাইনে বিডিএস বিক্রির পাশাপাশি বিএসটিআইতে এসে এনালগ পদ্ধতিতে নির্ধারিত মূল্য পরিশোধ সাপেক্ষে যে কোন গ্রাহক বাংলাদেশ মান (বিডিএস) ক্রয়ের সুযোগ পাচ্ছেন।


১৪/০৭/২০২০

(মোঃ সাজ্জাদুল বারী)
পরিচালক (সিএম)

Programmer, ICT Cell